

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ আগস্ট ২০২২ খ্রি.

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চসিকের কর্মসূচি

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামীকাল সোমবার ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে সূর্যোদয়ের সাথে সাথে চসিক প্রধান, আঞ্চলিক, ওয়ার্ড কার্যালয়সহ চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতাল সমূহে জাতীয় পতাকা এবং চসিকের পতাকা অর্ধনমিত করণ ও কালো পতাকা উত্তোলন, কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারণ, সকাল ৯.১ মিনিটে নগর ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ, ৯.১৫ মিনিটে টাইগারপাস্‌ অস্থায়ী ভবনের সম্মেলন কক্ষে খতমে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাত, ৯.৩০ মিনিটে সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতালে (৭টি রেজিষ্টার্ড সেন্টার, ৪১টি ওয়ার্ডে আরবান প্রাইমারী হেলথ সেন্টার সমূহে) দিনব্যাপী ফ্রি-স্বাস্থ্যসেবা কার্যক্রমের উদ্বোধন, ১০.৪৫ মিনিটে থিয়েটার ইন্সটিটিউট হলে আলোচনা সভা, ১১.৩০ মিনিটে চিটাগাং শপিং কমপ্লেক্স সংলগ্ন পার্কে বৃক্ষ রোপন কর্মসূচি গোলপাহাড় কালিবাড়ি মন্দির, কাতালগঞ্জ প্যাগোডা, গীর্জায় বিশেষ প্রার্থনা ও বাদযোহর সিটি কর্পোরেশন পরিচালিত মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসা সমূহে মিলাদ ও বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হবে। এছাড়াও নগরীর গুরুত্বপূর্ণ গোলচত্তর, ফ্লাইওভার, ফুটওভার ব্রীজে বঙ্গবন্ধুর ছবিসহ শ্রদ্ধাঞ্জলী, বাণী সম্বলিত ব্যানার এবং গুরুত্বপূর্ণ মোড় সমূহের কালো পতাকা প্রদর্শন করা হবে। উক্ত অনুষ্ঠানগুলোতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

চসিক ভ্রাম্যমাণ আদালত

অস্বাস্থ্যকর, নোংরা, মেয়াদ বিহীন মিষ্টি বিক্রির দায়ে রায়হান ফুডসকে ৭০ হাজার টাকাসহ বিভিন্ন অপরাধে ২৭ ব্যক্তিকে ১ লক্ষ ৬০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে মাদারবাড়ী যুগীচাঁদ মসজিদ লেইনের রায়হান ফুডস কারখানার পরিবেশ অত্যন্ত অস্বাস্থ্যকর নোংরা, মেয়াদ বিহীন মিষ্টি বিক্রির দায়ে ও কারখানায় কর্মরত কর্মীদের হেলথ ফিটনেস সনদপত্র না থাকায় মামলা রুজু পূর্বক ৭০ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে ফুটপাতে দোকানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৩ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে অপর এক অভিযানে নগরীর কদমতলী মোড় থেকে পশ্চিম মাদারবাড়ী সড়কের মাজার পর্যন্ত ফুটপাত ও রাস্তা দখল করে পুরাতন লোহার পাইপ রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ২৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৮৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩